

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৩২৯]

৫১/ মাগাযী (যুদ্ধাভিযান) (১ হাট্)

পরিচ্ছেদঃ ২২২০. তায়েফের যুদ্ধ- মুসা ইবন উকবা (রাঃ) এর মতে এ যুদ্ধ অষ্টম হিজরীর শাওয়াল মাসে সংঘটিত হয়েছে

باب غَزْوَةُ الطَّائِفِ فِي شَوَّالٍ سَنَةَ ثَمَانٍ قَالَهُ مُوسَى بْنُ عُقَبْةَ

## আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ، قَالَ أَخْبَرَنِي عَطَاءً، أَنَّ صَغُوانَ بْنَ يَعْلَى بْنِ أُمْيَّة، أَخْبَرَ أَنَّ يَعْلَى كَانَ يَقُولُ لَيْتَنِي أَرَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم بِالْجِعْرَانَةِ وَعَلَيْهِ ثَوْبٌ عليه وسلم جِينَ يُنْزَلُ عَلَيْهِ. قَالَ فَبَيْنَا النَّبِيُّ صلى الله عليه وسلم بِالْجِعْرَانَةِ وَعَلَيْهِ ثَوْبٌ قَدْ أُظِلَّ بِهِ، مَعَهُ فِيهِ نَاسٌ مِنْ أَصِحْابِهِ، إِذْ جَاءَهُ أَعْرَابِيُّ عَلَيْهِ جُبَّةٌ مُتَضَمَّخٌ بِطِيبٍ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ كَيْفَ تَرَى فِي رَجُلٍ أَحْرَمَ بِعُمْرَةٍ فِي جُبَّةٍ بَعْدَ مَا تَضَمَّخُ بِالطِّيبِ فَأَشَارَ عُمَرُ إِلَى يَعْلَى بَيْدِهِ أَنْ تَعَالَ. فَجَاءَ يَعْلَى فَأَدْخَلَ رَأْسَهُ، فَإِذَا النَّبِيُّ صلى الله عليه وسلم مُحْمَرُ الْوَجْهِ، يَغِطُّ كَذَلِكَ سَاعَةً، ثُمَّ سُرِّيَ عَنْهُ فَقَالَ " أَيْنَ الَّذِي يَسْأَلُنِي عَنِ الْعُمْرَةِ آنَفًا مُحْمَرُ الْوَجْهِ، يَغِطُّ كَذَلِكَ سَاعَةً، ثُمَّ سُرِّيَ عَنْهُ فَقَالَ " أَيْنَ الَّذِي يَسْأَلُنِي عَنِ الْعُمْرَةِ آنَفًا الْجُبَّةُ فَقَالَ " أَيْنَ الَّذِي يَسْأَلُنِي عَنِ الْعُمْرَةِ آنَفًا الْجُبَّةُ فَقَالَ " أَمْ الطِّيبُ الَّذِي بِكَ فَاغْسِلْهُ تَلاَثَ مَرَّاتٍ، وَأَمَّا الْجُبَّةُ فَالْنَاعُهُ فَى عُمْرَتِكَ كَمَا تَصِنْغَ فِي حَجِكَ ".

## বাংলা

৩৯৯৩। ইয়াকুব ইবনু ইব্রাহীম (রহঃ) ... সাফওয়ান ইবনু ইয়া'লা ইবনু উমাইয়া (রহঃ) থেকে বর্ণিত যে, ইয়ালা (রাঃ) (অনেক সময়) বলতেন যে, আহা, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর উপর ওহী অবতীর্ণ হওয়ার মুহূর্তে যদি তাঁকে দেখতে পেতাম। ইয়া'লা (রাঃ) বলেন, এরই মধ্যে একদা নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম জিরানা নামক স্থানে অবস্থান করছিলেন। তাঁর (মাথার) উপর একটি কাপড় টানিয়ে ছায়া করে দেয়া হয়েছিল। আর সেখানে তাঁর সঙ্গে সাহাবীদের কয়েকজনও উপস্থিত ছিলেন।

এমন সময় তাঁর কাছে এক বেদুঈন আসলো। তার গায়ে খুশবূ মাখানো ছিলো এবং পরনে ছিলো একটি জোববা। সে বললো, ইয়া রাসূলাল্লাহ! ঐ ব্যাক্তি সম্পর্কে আপনি কী মনে করেন যে গায়ে খুশবু মাখানোর পর জোববা পরিধান করা অবস্থায উমরা আদায়ের জন্য ইহ্রাম বেঁধেছে? [প্রশ্নকারীর জবাব দেয়ার পূর্বেই উমর (রাঃ)



দেখলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেহারায় ওহী অবতীর্ণ হওয়ার চিহ্ন দেখা যাচ্ছে] তাই উমর (রাঃ) হাত দিয়ে ইশারা করে ইয়া'লা (রাঃ)-কে আসতে বললেন।

ইয়া'লা (রাঃ) এলে উমর (রাঃ) তাঁর মাথাটি (ছায়ার নিচে) ঢুকিয়ে দিলেন। তখন তিনি (ইয়া'লা) দেখতে পেলেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেহারা লাল বর্ণ হয়ে রয়েছে। আর ভিতরে শ্বাস দ্রুত যাতায়াত করছে। এ অবস্থা কিছুক্ষণ পর্যন্ত ছিল, তারপর স্বাভাবিক অবস্থায় ফিরে এলো। তখন তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সে লোকটি কোথায়, কিছুক্ষণ আগে যে আমাকে 'উমরার বিষয়ে জিজ্ঞাসা করেছিল। এরপর লোকটিকে খুঁজে আনা হলে তিনি বললেনঃ তোমার গায়ে যে খুশবু রয়েছে তা তুমি তিনবার ধুয়ে ফেল এবং জোকাটি খুলে ফেল। তারপর হাজ্জ (হজ্জ) আদায়ে যা কিছু করে থাক উমরাতেও সেগুলোই পালন কর।

## **English**

Narrated Safwan bin Ya`la bin Umaiya:

Ya`la used to say, "I wish I could see Allah's Messenger () at the time when he is being inspired divinely." Ya`la added "While the Prophet () was at Al-Ja'rana, shaded with a cloth sheet (in the form of a tent) and there were staying with him, some of his companions under it, suddenly there came to him a bedouin wearing a cloak and perfumed extravagantly. He said, "O Allah's Messenger () ! What is your opinion regarding a man who assumes the state of Ihram for `Umra wearing a cloak after applying perfume to his body?" `Umar signalled with his hand to Ya`la to come (near). Ya`la came and put his head (underneath that cloth sheet) and saw the Prophet () red-faced and when that state (of the Prophet () ) was over, he said, "Where is he who as already asked me about the `Umra?" The man was looked for and brought to the Prophet () The Prophet () said (to him), "As for the perfume you have applied to your body, wash it off your body) thrice, and take off your cloak, and then do in your `Umra the rites you do in your Hajj."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাফ্ওয়ান ইবনু ই'য়ালা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন